



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১০৯.১১.০২৯.১৫ (অংশ-৩) - ২০

তারিখঃ ১৮/০২/২০২১ খ্রি।

বিষয়ঃ গবেষণা জাহাজ “আর ভি মীন সন্ধানী” এর সার্ভে ক্রুজে বিজ্ঞানী হিসেবে অংশগ্রহণের নিমিত্ত একটি প্যানেল গঠন প্রসঙ্গে।
সূত্রঃ সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম এর পত্র নং ৩৩.০২.০০০০.৩২২.৬৩.০০১.১৯-৪৮; তাং:
১৫/০২/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “আর ভি মীন সন্ধানী” গবেষণা জাহাজের মাধ্যমে ক্রুজ পরিচালনায় প্রতি ক্রুজে ৭-৮ জন বিজ্ঞানীর প্রয়োজন হয়। মৎস্য অধিদপ্তরের মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিটের বিজ্ঞানীগণ এ ক্রুজে গমন করে থাকেন কিন্তু সামুদ্রিক মৎস্য জরিপ ইউনিটে প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী না থাকায় এবং প্রমোশন পেয়ে অন্যত্র পোস্টিং নিয়ে চলে যাওয়ায় সবসময় বিজ্ঞানীর সংকট থাকে। তাছাড়া চাকুরীর ক্ষেত্রে সবসময় একই কর্মস্থলে চাকুরী করা সম্ভবপর নয়। ফলে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠান হতে বিজ্ঞানীগণের সহায়তায় ক্রুজ পরিচালনা করা হয় যা নিরবিচ্ছিন্ন গবেষণার অন্তরায়।

এ প্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরে সামুদ্রিক মৎস্য সম্পদ ব্যবস্থাপনায় দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে এবং বিষয়টি সম্পূর্ণ কারিগরী ও জ্ঞানসম্পন্ন কর্মকর্তার ধারাবাহিকতা জরুরী বিধায় বিভাগ/জেলা/উপজেলায় কর্মরত আগ্রহী কর্মকর্তাদের সমন্বয়ে একটি বিজ্ঞানী প্যানেল গঠন করা প্রয়োজন। এ প্যানেলে ৫ম/৬ষ্ঠ/৯ম গ্রেডের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্যানেলভুক্ত কর্মকর্তাদের পর্যায়ক্রমে ক্রুজে প্রেরণ করা হবে এবং ভবিষ্যতে সামুদ্রিক মৎস্য সম্পদ ব্যবস্থাপনায় একটি দক্ষ জনবল সৃষ্টি করা হবে।

এমতাবস্থায়, সূত্রস্থ পত্রের নির্দেশনা মোতাবেক আগ্রহী কর্মকর্তাদের তালিকা আগামী ২৮/০২/২০২১খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Jan -

২৮/০২/২০২১

(ড. মুহাম্মদ তানভীর হোসেন চৌধুরী)

উপপ্রধান (সামুদ্রিক)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন

রমনা, ঢাকা।

ফোন-০২-৯৫৬২৩৩৪

ই-মেইল-dcmarine@fisheries.gov.bd

বিতরণ:

- ১। উপপরিচালক, বরিশাল/ চট্টগ্রাম/ খুলনা/ ঢাকা/ ময়মনসিংহ/ রাজশাহী/ সিলেট/রংপুর বিভাগ।
- ২। পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সি জি ও বিল্ডিং-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৩। উপপ্রধান (সামুদ্রিক) মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। ডিন, মৎস্য বিজ্ঞান অনুষদ,.....বিশ্ববিদ্যালয়।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। যুগ্ম সচিব (ব্লু ইকোনমি), মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।